



# জনতা ব্যাংক পিএলসি.

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ : ২৬.১০.২০২৩

সূত্র : পিডি/২০২৩/ডিজিএম/আরিফ/ছাতা/২৩/১৪২৩

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক  
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক পিএলসি.  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা/  
জনতা ব্যাংক স্টাফ কলেজ ও রিজিওনাল স্টাফ কলেজসমূহ/  
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয়ঃ ২০২৩ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের বর্ষাকালীন ছাতার মূল্য পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০২৩ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্রারিক্যাল প্রত্যেক কর্মচারীকে উন্নতমানের ২৬"সাইজের প্রতিটি ছাতার মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা নিম্নবর্ণিত নিয়মাবলী/শর্তাবলী পরিপালন সাপেক্ষে পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ করা যাবে।

### নিয়মাবলী/শর্তাবলী :

- ১। ২০২৩ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্রারিক্যাল প্রত্যেক কর্মচারীকে স্টীলের বাট, কাল রং এর কাপড় ও অন্যান্য উন্নত সামগ্রী দ্বারা তৈরী ২৬" সাইজের উন্নতমানের প্রতিটি ছাতার মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা স্ব-স্ব কর্মচারী কর্তৃক ছাতা ক্রয়ের মেমো/ভাউচার স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে জমা করার পর পুনঃভরণ পদ্ধতিতে যথাযথ রেজিস্টারে এন্ট্রি করতঃ পরিশোধ করতে হবে।
- ২। ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী সকল স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীকে ১(এক) বৎসর অন্তর অন্তর অর্থাৎ প্রতি ২(দুই) বৎসরে ১(এক)টি ছাতার মূল্য পরিশোধ করা হয়। সুতরাং যারা গত বৎসর অর্থাৎ ২০২২ সালে ব্যাংক হতে ছাতার মূল্য পেয়েছেন তারা ২০২৩ সালে ছাতার মূল্য পাওয়ার যোগ্য হবেন না এবং একই ব্যক্তি যাতে একাধিক ছাতার মূল্য গ্রহণের সুযোগ না পায় সে ব্যাপারে ছাতার মূল্য পরিশোধের রেজিস্টারে স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের নাম লিপিবদ্ধ করে স্বাক্ষর গ্রহণ করতে হবে।
- ৩। পি.আর.এল ভোগরত স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীগণ ছাতা পাওয়ার যোগ্য হবেন না।
- ৪। নির্দেশ বিজ্ঞপ্তি নং-২০১৭ তারিখ ১০-০১-১৯৮৭ এর আলোকে স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের চাকুরীর মেয়াদ অত্র পত্র ইস্যুর তারিখে ৬ (ছয়) মাস পূর্ণ হলে উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হবেন।
- ৫। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্তকালীন সময়ে ছাতা পাওয়ার যোগ্য হবেন না। তবে সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ পরবর্তীতে উক্ত সময়ের মধ্যে অর্থাৎ (২০২৩ সাল) পূর্নবহাল হয়ে চাকুরীতে যোগদান করলে তারা ছাতা পাওয়ার যোগ্য হবেন।
- ৬। প্রধান কার্যালয়ে কর্মরত স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের ছাতা ক্রয়ের বিষয়ে নিশ্চিত হয়ে ছাতা ক্রয়ের মেমো/ভাউচারের পিছনে সংশ্লিষ্ট নন-ক্রারিক্যাল কর্মচারীর স্বাক্ষর গ্রহণ করতঃ তা সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পূর্বক মূল্য পরিশোধের জন্য প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে।

চলমান পাতা-২



# জনতা ব্যাংক পিএলসি.

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার



প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

-২-


সূত্র : পিডি/২০২৩/ডিজিএম/আরিফ/ছাতা/২৩ / ৪৯৯

তারিখ : ২৬.১০.২০২৩


বিষয়ঃ ২০২৩ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের বর্ষাকালীন ছাতার মূল্য পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসঙ্গে।

- ৭। কর্মচারীগণ কর্তৃক ছাতা ভ্রম করায় সরকারী বিধিমালা অনুযায়ী ছাতার মূল্য প্রদানকালে প্রত্যেকের নিকট হতে ৭.৫% হারে অর্থাৎ ২১/- (একুশ) টাকা করে ভ্যাট কর্তনপূর্বক তা একীভূত আকারে বিভাগীয়/এরিয়া অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যুকরত: আগামী ১(এক) মাসের মধ্যে একাউন্টস ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল, বা/এ, ঢাকায় প্রেরন করতে হবে। উল্লেখ্য যে কোন কোন অফিস হতে সিআইবিটিসিএ সমূহ প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে প্রেরন করা হয় যা মোটেও কাম্য নয়।
- ৮। উপরোক্ত নিয়মাবলী/শর্তাবলী যথাযথভাবে পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে/ধন্যবাদান্তে।

  
(আঃ রাজ্জাক ভূঞা)  
সহকারী মহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,

  
(মোঃ শাখাওয়াত হোসেন)  
উপ-মহাব্যবস্থাপক

